


আপনার জানালার গরাদ কি সুরক্ষিতভাবে লাগানো আছে?

তিনটি অথবা তার চেয়ে বেশি অ্যাপার্টমেন্ট আছে এমন ভবনে, 10 বছর অথবা তার চেয়ে কম বয়সী বাচ্চা অ্যাপার্টমেন্টে বসবাস করলে অথবা কোনও কারণের জন্য ভাড়াটে অথবা বাসিন্দা দ্বারা অনুরোধ করা হলে ভবনের মালিকদের নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য দপ্তর (New York City Health Department) অনুমোদিত জানালার গরাদ অবশ্যই লাগাতে হবে। স্ক্রিনযুক্ত স্লাইডিং জানালা সহ সব প্রকারের জানালার মধ্যে জানালার গরাদ অথবা সীমাবদ্ধ করার মতো সরঞ্জাম থাকতে হবে। জানালার স্ক্রিন একটি জানালার গরাদের বিকল্প নয়।

জানালার গরাদ বা সীমাবদ্ধ করার সরঞ্জাম সমূহ অবশ্যই:

- অ্যাপার্টমেন্টের সব জানালায় লাগাতে হবে অগ্নিকাণ্ডের সময় পলায়ন করার জানালা অথবা জরুরী অবস্থায় পলায়ন করার জানালা অথবা এয়ার কন্ডিশনার ইউনিট স্থায়ীভাবে এবং সুরক্ষিতভাবে লাগানো জানালা ব্যতীত।
- সুরক্ষিত এবং স্থায়ীভাবে লাগানো হতে হবে।
- যে কোনও দিশায় 4 1/2 ইঞ্চির চেয়ে বেশি জানালা খোলা যেন প্রতিরোধ করে। কখনই যেন 4 1/2 ইঞ্চির চেয়ে বেশি গরাদ-মুক্ত জায়গা না থাকে। যাঁচাই করার জন্য একটি মাপার উপকরণ ব্যবহার করুন।
- 150 পাউন্ড ওজন যেন বহন করতে পারে
- নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ (New York City Health Department) অনুমোদিত নম্বর থাকতে হবে।



একজন ভাড়াটে হিসেবে আপনাকে অবশ্যই::

- আপনার অ্যাপার্টমেন্টে 10 বছর বা তার চেয়ে কম বয়সী বাচ্চা বসবাস করলে অথবা কোনও কারণের জন্য আপনার নিজের অ্যাপার্টমেন্টে অথবা ভবনের সাধারণ জায়গায় জানালার গরাদ লাগানোর প্রয়োজন হলে প্রত্যেক বছর *বার্ষিক বিজ্ঞপ্তি (Annual Notice)* পূরণ করার মাধ্যমে লিখিতভাবে আপনার ভবনের মালিককে জানাতে হবে।
- আপনার বাড়িতে প্রবেশ করার সুবিধা প্রদান করতে হবে এবং যেখানে প্রয়োজন জানালার গরাদ লাগানোর অনুমতি দিতে হবে। জানালার গরাদ লাগানোর পর সেগুলি ভাড়াটের কখনই অপসারণ অথবা সংশোধন করা উচিত নয়। আপনার অ্যাপার্টমেন্টে 10 বছর অথবা তার চেয়ে কম বয়সী বাচ্চা থাকলে আপনি জানালার গরাদ লাগানো প্রত্যাক্ষান করতে পারবেন না।

আপনার জানালার গরাদ না থাকলে অথবা সেগুলি সঠিকভাবে লাগানো না থাকলে **311** নম্বরে কল করুন।

আরও তথ্যের জন্য nyc.gov/health-এ যান এবং **windows guards** (জানালার গরাদ), অনুসন্ধান করুন অথবা windowfallprevention@health.nyc.gov-এ ইমেইল করুন।